बीमीत्माहस रमन

देबार्छ—১७२१

এক টাকা

প্রকাশক—শ্রীপ্রফুল্লচন্দ্র শুপ্ত প্রপ্ত এশু কোং ৪৯, রসারোড, ভবানীপুর

> ঞ্চিটার — গ্রীবিহারীলাল নাথ, প্রথামেণ্ড প্রিণিটং ওয়র্ফির ১, নন্দকুমার টোধুনীর হয় লেশ, করিকাডা



_	 	 	 	 	 	

উৎসর্গ

মাননীয়

માના કાર્યા કાર

মহারাজা এীযুক্ত স্থার মণীক্রচক্র নন্দী

কে, সি, আই, ই বাহাতুর

শ্রেদাস্পাদের,
কোন দিন যিনি ব্রজের রাখালী ক'র্তেন,
বাঁশীর স্থরে মন ভোলাতেন, তিনি পরে মধুরায়
গিয়ে একচ্ছত্র রাজা হোয়েছিলেন। আমরা
তাঁর মধুরার স্বর্ণসিংহাসনের রেণু দেখে মুগ্
হই নি। বৃন্দাবনে যে তাঁর চরণরেণু পড়ে
আছে, তাই তিলক ক'রে গৌরব ক'রে থাকি।
তিনি মধুরায় রাজদণ্ড দিয়ে তুন্টকে শাসন
ক'র্তেন, আশ্রিতকে রক্ষা ক'র্তেন, কিস্তু তাঁর
মনটা পড়েছিল, যমুনার তারে মাধবীকুঞ্জের
তুলায়। সেখান থেকে তিনি তাঁকে কে কি
রকম ভালবাসে, তা দেখ্বার জন্ম ঘূর্ণটি চোখ
পথের দিকে কেলে রাখ্তেন।

উৎসর্গ

できらていらそいらそいらそいらそいらそいらそいらそいらそいらそいらそいら মহারাজ, আপনি রাজত্ব লাভ করেছেন, কিন্তু এক সময়ে আপনিও সাধারণের একজন ছিলেন এবং সকলের সঙ্গে মিশে তাদের বন্ধুত্বের অভিমান ক'রতেন। আপনি ঐশর্য্যের রাজ-তক্তায় ব'সে সেই প্রীতির ক্ষেত্র ভোলেন নি। আপনার স্থকুমার ভাবগুলি ধনরত্নের নীচে চাপা

পড়েনি, বরং আরও বিকাশ পেয়েছে। রাজশক্তির পাশ কাটিয়ে আপনি হৃদয়কে বড় রেখেছেন;— মাধুর্ব্যকে ঐশর্য্যের চেয়ে শ্রেষ্ঠতর প্রতিপন্ন

এই কারণে ক'রেছেন। "রাখালের রাজগি"

আপনার কর-কমলে সবহুমানে অর্পণ ক'র্লাম।

বেহালা বিনীত ২৪শ পরগণা,

श्रीमीतमहस्य (मन। ১০ই মে, ১৯২০।



অবতর শিকা— "রাজগি" কি ?
এই প্রশ্ন অনেকের মুখে আমায় শুন্তে
হয়েছে। পূর্ববঙ্গে ও হিন্দুস্থানে এ কথাটি
খুবই প্রচলিত, ইহার অর্থ রাজ-পদ। 'রাখালের
রাজগি' অর্থ রাখালের রাজ-পদ। কেউ কেউ
প্রশ্ন কল্লেন, "রাখালের রাজ-পদ" লিখ্লেন না
কেন ? উত্তরে এই বল্ব, বাঙ্গালা ভাষাটার
দোর-জানেলা কযে বেঁধে ফেলা উচিত নয়।
পূর্ববঙ্গে যদি কোন শদ্দ-সম্পদ থাকে—তা কি
আট্কে রাখ্তে হবে ? সাহিত্যের আসরে তা
স্থান পাবে না ?

্বাঙ্গালা দেশের সর্বত্রই একটা চিন্তার স্বাধীনতা ও ক্ষৃত্তি আছে, এটি অহাত্র স্থলভ

অবতর্রণিকা

٦

नय। कृष्ण ज्याण एएट ठोकूत, किन्न ज्यापात जिन जामाएनत प्रे विन जामाएनत प्राणी हरत र्यालाहन, जामाएनत प्राणी हरत र्यालाहन, जामाएनत प्राणी हरत र्यालाहन, जामाएनत प्राणी हरत र्यालाहन, जामाएनत प्राण विन विश्व विद्याला प्राणी हर्ति विद्याला प्राणी हिंदी हर्ति विश्व विद्याला प्राणी हर्ति विद्याला प्राणी हर्ति विद्याला प्राणी हर्ति विद्याला प्राणी हर्ति ह

আমাদের চিত্তের সমস্ত রস কৃষ্ণনামে

অবতর্রণিকা

ক'ল্লে সে তাঁকে তেমন ক'রে পাবে কেমন কোরে ? বাঙ্গালা এই অসাধ্য-সাধন কোরেছে— সে হারা মণি কিছু চাই নি। মুক্তি, স্বর্গ, ধর্ম্ম, কর্ম্ম এ সমস্তই ছেড়ে দিয়ে কেবলই তাঁকে চেয়েছে— সে তাঁর লালাসঙ্গী হ'তে চেয়েছে— চৈত্তগুচরিতাম্বত অদ্ভূত বলের সঙ্গে কয়েছে— "প্রীক্ষণ্ণের যত লীলা, সর্বোত্তম নরলীলা"—বাঙ্গালী দৈবলালা দেখতে চায় নি, তাঁর নরলীলা দেখতে চেয়েছে, এবং সর্ববন্ধ ত্যাগ করে সেই লীলাকে শ্রেষ্ঠ করে মেনে নিয়েছে। এইটি আমাদের বিশেষহ, ইহা আর কেউ কোথায়ও চায় নি। শান্ত, দাস্থা, বাৎসল্যা, সথ্য, মাধুর্য্য—প্রেমের এই পঞ্চ-প্রদীপ বাঙ্গালার মন্দিরেই সর্ববপ্রথম জলে উঠেছে।

বাঙ্গালী "সাত সমুদ্র তের নদী" পার হয়ে তাঁবে এই জায়গাটায় এসে পৌছিয়েছে। যজ্ঞ,

অবতরণিকা

হোম. জপ. তপ কোরে হয়রাণ হোয়ে—বাডীতে শিশুর খেলা ও গোচারণের মাঠ দেখতে দেখতে এই তত্ত্ব শিখতে পেরেছে। শিশু যখন মায়ের উপর একান্ত নির্ভর করে.—অমুগতা রমণী যখন প্রাণেশের আশায় দীপ জেলে বসে থাকে, বাথার ব্যথীকে কাছে পেলে চুজনে এ ওর গলা জড়িয়ে ধ'রে যথন মনের কথা কয়, কিংবা মনের আনন্দে থেলা করতে থাকে, ভৃত্য যখন নিজের প্রাণের মায়া ছেড়ে দিয়ে প্রভুর কার্য্য করতে থাকে. বাঙ্গালী ভক্ত তখন সেইখানে গিয়ে বেদীর জমি তৈরি করে বল্লে এর চাইতে বড মন্দির কি গির্জের কেউ কখনও করতে পারে নি।' মা যথন হৃদয়ের সমস্ত আনন্দ চোখে নিয়ে এসে— অপলক চোখে, সন্তঃজাত শিশুকে দেখুলেন— ভক্ত দাঁড়িয়ে বল্লে "কি চমৎকার! আমি তোমায় এমনি আনন্দে দেখবো. এর চাইতে 25

অবতর্রণিকা

বড় কিছু নেই—এই প্রেম আমায় দাও।" বাঙ্গালী ভগবানের জন্য পাধরের মঠ মন্দির তৈরী কর্লো, না, মাধবীকুঞ্জের এক পাশে গলায় উত্তরীয় বাঁধা কৃষ্ণকে অপরাধীর মত দাঁড় করালো, এবং তাঁর চোখের জল দেখে সখী হয়ে তাঁকে টিট্কারী দিতে লাগ্লো। তারা বুঝালো, যিনি ব্রহ্মাগুপতি, তিনি প্রেমিকের কাছে এমনই হয়ে যান—এত বড় কথা জগতে আর কেউ বল্তে সাহস করে নি।

যদি বল এ সকল পাওয়া কেবল মনের বিকার, এ কেউ পাই নি। পাওয়া অর্থ কি ? সত্য ভেবে নিজের প্রাণে গ্রহণ করা। পাওয়া মানে যদি এই হয়, তবে কি বল্ডে চাও, ন'দের মানুষ্টি পান নি ? যদি বল—এ সকল পোগলামী, তা হ'লে সে পাগল জগৎ সংসারটা সংক্রমিত কল্লে কি ক'রে ? রাস্তায় একটা

অবতর্রণিকা

পাগল চল্লে কুকুরগুলি পর্য্যন্ত তাকে চিনে ফেলে। আর তাঁকে দেখে মস্ত বড়, নাস্তিক, পাষগু, रिवास्तिक, अर्घात्रशृष्टी भाद्ध-छात्र यूक्ति जुल গেল কি ক'রে ? তাঁর মুখের দিকে অপলক চোখে চেয়ে কেঁদে ফেল্লে কেন ? যে কিছ পেয়েছে—তাকে লোকে বুঝতে পারে। বড জিনিষ পেলে চোখে মুখে ধরা পডে। যাদের কিছ নেই কেবল ভাণ আছে, তাদের রিক্ততা তখন নিজেদের কাছেই ধরা পড়ে যায়। কেউ কেউ বলেন, মুক্তাটা শুক্তির রোগ, এ পাওয়াটা যদি তেমনই রোগ হয়, তবে মন্দ কি ? স্বাস্থ্যের চেয়ে বোগটা যে ঢের বেশী মহার্যা। বাঙ্গালী ঐশ্বর্যা দেখে ভোলে নি—তারা প্রাণের পুতৃলী ও নয়নের মণি ক'রে কৃষ্ণকে দেখতে চেয়েছিল! রাজ্বৈশ্ রাজদণ্ড, সিংহাসন এ সকলের দিকে তারা দৃক্পাত করে নি। যিনি অস্তুর দৈত্যের টিকি ধরে 28

অবতরণিকা

মেরেছেন—তাঁর কথা তারা অবজ্ঞার সহিত ছেড়ে দিয়ে গেছে। যিনি পায়ের ধূলো মাথায় ক'রে নিয়ে বাঁশীর স্থারে মন ভোলাতে চেয়েছেন, তাঁর রাখালের ধড়াটা বাঙ্গালীর চোথে কোটা কোটা রাজ-পরিচছদ হতে মহামূল্য হয়েছে। তাদের কাছে গগনস্পর্শী প্রাসাদের চেয়ে মাধবীকুঞ্জের একটা লতা বড় হয়ে উঠেছে এবং তারা মথুরার সমস্ত মুক্তার মালার চেয়ে ব্রজের পথের ধূলার বেশী দাম দিয়েছে।

আমি এই প্রসঙ্গে ঐশ্বর্যা ও মাধুর্য্যের যে প্রভেদ তা বুঝাতে চেফী করেছি। অলমিতি বিস্তরেণ।

बी नीत्नमहक्त स्मन।

চিত্রসূচী

বিষয়			পৃষ্ঠা
কুষ্ণের শপথ	•••	•••	ર
বাঁশী নিয়ে কাড়	াকাড়ি	•••	२०
(पालमक	•••	•••	રર
বন্ধনমোচন	•••	•••	৬৬

7

বাংশা নাইতে যেয়ে কি শুনে এসেছেন, তিনি বিশাখার গলা জড়িয়ে ধোরে কেঁদেই আকুল। বিশাখা বারংবার জিজ্ঞাসা কচ্ছেন 'কি হয়েছে ?' রাই ভেজা চুলে ব'সে ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদ্ছেন,— একবার মাত্র বল্লে, "কি আর বল্বো! আমার মাথার সোণার সিঁথিটা যমুনায় পড়ে গেছে, আর কিছু বলুতে পারব না; আমার মাথায় বাজ পড়েছে!"

এর বেশী একটি কথাও নয়। কি হয়েছে-—তা' বলুবার নয়, তা সইবার নয়।

এর মধ্যে কৃষ্ণ বাঁশী হাতে করে এসে উপস্থিত।
তিনি রাধাকে দেখে বল্লেন, "ভেজা চুলে, ভেজা
কাপড়ে দাঁড়িয়ে কাঁদ্ছ যে ? আমি মথুরায় যাব—
বিদায় নিতে এসেছি।"

এই কথা বল্তে বল্তে দেখেন, রাধা তাঁর পায়ের নীচে অজ্ঞান হোয়ে পড়ে গেছেন।

তথন অনেক যত্ন ক'রে কৃষ্ণ তাঁর মূচ্ছ্র্য ভাঙ্গালেন। তিনি বল্লেন, "আমি ঠাট্টা করে বলেছি, আমি তোমায় ফেলে কোথায় যাব ?"

এই কথা শুনে রাধা চোথ মুছে চাইলেন, তখন শোকে তার কথা বল্বার শক্তি নাই; নিজের হাত ছুখানি দিয়ে কুফের হাত চেপে ধরে মাথায় রাখ্লেন। কুফ বুঝ্লেন, রাধা তাঁর মাথা ছুঁয়ে দিব্যি করতে বলছেন।

কৃষ্ণ বল্লেন, "আমি যাব না, তোমার মাথা ছুঁয়ে বল্ছি।"



"আমি যাব না, তোমার মাথা ছুঁয়ে বল্ছি।" ২ পৃষ্ঠা Emerald Pig. Works. Calcula.

রাধার মুখে হাসি ফুটে উঠ্লো। রং শুকোবার আগে রোদ্ পড়লে ছবিখানি যেমন উচ্ছল হোয়ে ওঠে, সেই হাসি তাঁর মূর্ত্তিখানি তেমনি স্নিগ্ধ-দীপ্ত কোরে দেখালো। ভেজা কাপড়, ভেজা চুল ও ভেজা চোখে রাইএর রূপ বড় স্থন্দর দেখাতে লাগ্লো।

রাধা বল্লেন, "তোমায় অনেক কথা বলেছি, কিন্তু সব কথা বলা হয়নি। অনেকবার দেখেছি; কিন্তু সাধ মিটিয়ে দেখা হয় নি। তোমার কথা কত শতবার শুনেছি, কিন্তু কাণের তৃপ্তি হয় নি। তুমি বো'স, আজ তোমায় বড় ছল্ল ভ বলে মনে হচ্ছে। কেন যেন মনে হচ্ছে, তোমাকে এমন কোরে আর পাব না।"

কৃষ্ণ বল্লেন, "আমি কাল আস্বো, আজ যাই, কাল রাত্রে কঞ্চে অভিসারে বেও।" বীপাল তারগুলি এঁটে রাখ, তারগুলি স্থরে বেঁধে রাখ। পায়ের নূপুরে কাপড় জড়িয়ে রাখ, নীলাম্বরী খানি যাতে সোণার চুম্কি নাই, ভাল করে কুঁচিয়ে রাখ। সখীরা তৈরী হয়ে থাক, টগর-রজনী-গন্ধা-পারল-চাঁপা দিয়ে মালা গেঁথে রাখ। কাল বড় আঁধার রাত আস্ছে, কাল চাঁদ উঠ্বে না, পথের কোন বিদ্ব নাই, বন পথে চলে যাব, শক্র হাস্বে না। ললিতা, বিশাখা, একবার এদিক পানে এস, কাল বঁধু নিজে অভিসারে যাবার নিমন্ত্রণ করে গেলেন। কত ভাগ্যি, তিনি আপনি' এসে যাবার কথা বলে গেলেন। কাল রাতের জন্ম

ঘিয়ের বাতি, ধূপ অগুরুর গন্ধে সল্তে স্থগিন্ধ ক'রে জেলে রাখ্তে হবে। যতক্ষণ তিনি না আস্বেন, আমাদের চোখের কালো তারাগুলি তাঁর পথের দিকে ভ্রমরের মত যেন উড়তে থাক্বে! তোরা ভুলিস না সন্ধ্যে বেলা আমার খোঁপা বাঁধ্তে। যদি শেষ বেলায় ঘুমিয়ে পড়ি, তবে জাগিয়ে দিস্। কাপড় জড়ানো নূপুর পায়ে পরিয়ে দিস্,—তাতে একটুও শব্দ হবে না, নূপুর-ধ্বনি শুনে ভ্রমরেরা গুঞ্জন কর্তে আস্বে না। 'কে যায়', 'কে যায়', বলে লোক সব চম্কে উঠে দেখ্তে আস্বে না। আমরা নির্জ্জন পথে যাব—যে পথে কেউ চলে না,—সে পথে চল্ব, আমরা কামুর প্রেমের নিশান উড়িয়ে যাব—আমরা যমুনার চেউএর মত দর্পে চলে যাব, কার সাধিব বাধা দেয়!"

ললিতা বল্লে, "রাই তুই মেলাই বকে যাচ্ছিস্। পাগল হ'লি নাকি ? কাল অভিসারে যাবি, তা তো

রোজই যাস্, একদিন আগে থেকে এত উৎসাহ হচ্ছে কেন ? এমন উৎসাহ তো আর কোন দিন দেখি নি!"

রাই বল্লেন, "কবে কান্ম দয়া করে বলে যান 'কাল অভিসারে কুঞ্জে যেও।' অন্তদিন তো বাঁশীর স্থারে ডেকে পাঠান, আজ যে নিজে এসে বলে গোলেন—উৎসাহ হবে না ?"

পরদিন অক্ররের রথ-ঘর্ঘর শব্দে ব্রজবাসীরা চম্কে উঠ্লেন, রামকামুকে অক্রুর মথুরায় নিয়ে যাচ্ছে! বেণু, শিঙ্গা, বাঁশী পড়ে রইল। রাজপুক্রেরা রাজবেশ পরে কংসের ধনুর্ম্ময় যজ্ঞ দেখুতে গেলেন। কাবা তোমার না আজ অভিসারের দিন!
আজ রাধার ঘুম ভাঙ্গছে না। একি ঘুম, না মূচ্ছা?
আজ বড় ছুদ্দিন, আজকার মতন দিন আর আসেনি।
আজ তাঁর মূচ্ছা ভাঙ্গাতে বাঁশী বাজ্ছে না—বাঁশী
আর বাজ্বে না।

সহচরীরা কাছে নাই। মূর্চিছতাকে ফেলে রেখে তারা কৃষ্ণের রথের চাকার গতি থামাতে গেছে। আর কি ব'লে রাধার মূচ্ছা ভাঙ্গাবে ? কি বলে তাঁকে সান্ত্রনা দিবে ? কৃষ্ণ চলে গেছেন, কোন কথা তাঁকে আর এসে বল্বে ?

বিশাখা কি ছেড়ে থাক্তে পারে ? সে এসে

মূর্চিছতাকে ধরে তুলে কৃষ্ণ-নাম বলে চেতনা কল্লে।

রাধা জেগে উঠে বল্লেন, "অভিসারের বেশ কোথায়? কথন বা চুল আঁচ্ড়াবি কথন বা নূপুর পরাবি, কথন বা মালা গাঁথবি? আমি ঘুমিয়ে সপ্র দেখ্ছিলুম, তিনি বল্ছেন, 'আমি ছেড়ে থাক্তে পার্ব না', এই বল্ছেন, আর চোথের জল ফেল্-ছেন। আমার বুক বিদীর্ণ হচ্ছিল, আমি কেবল বল্ছিলুম—'কে তোমায় আমাকে ছেড়ে থাক্তে বল্ছে.?' এই ব'লে তাঁকে বাহুতে জড়িয়ে আদর করবো, আর ঘুম ভেঙ্গে গেল! বাঁশী বুঝি ডাক্ছে, —চল্ বেশ-ভূষার জন্ম দেরী ক'রে কাজ নেই, চল রাজ পথ দিয়ে, আর ভয় কর্বো না। কৃষ্ণকে ভালবেসে ভয় কর্ব কাকে? ননদীকে ভয় কর্বো? সে যদি বলে তবে বল্ব, ননদী তুই এই বড়, নগরটার সবখানে বলে বেড়াগে আমি কানুর প্রেম-৮

সাগরে ঝাঁপ দিয়েছি। চল্ ললিতা,—কই চিত্রা, স্থদেবী তারা সব কোথায় ? তারা যদি না যায়, তবে আমি একাই যাব, তিনি যে বলে গেছেন—আজ অভিসারে যেতে, তার কথাতো আমার কাছে বেদের লেখাঁ!"

এই বলে রাই চল্লেন। চুলগুলি মুখের চারিদিকে পড়েছে। নীলাম্বরী সাড়ীর আধখানি ধূলোয়
লুটুচ্ছে। চোখের কাজল অশ্রুতে মুছে গেছে।
একটি অশ্রুবিন্দু পন্মের উপর একটি ভ্রমরের স্থায়
গণ্ডের উপর এখনও আছে। চক্ষু পৃথিবীতে নেই,
কোথায় কি দেখুছে কে জানে ?

রাধা চলেছেন, বিশাখা তাঁর গতিরোধ করে দাঁড়ালেন। মত্ত হস্তী পদ্ম বনের দিকে যাচ্ছিল, অঙ্কুশ হাতে নিয়ে যেন মাহুত পথ আগ্লে দাঁড়াল। রাই দুর্ববল, কাল থেকে খাওয়া নেই, ঘুম নেই,

জ্ঞান নেই। বিশাখা কেঁদে কেঁদে বাহু আকৰ্ষণ .

কর্তে লাগ্লেন—রাই নূর্চ্ছিত হোয়ে মাটীতে পড়ে গেলেন,—ইট লেগে কপাল কেটে সিন্দূরের ফোঁটার সঙ্গে রক্ত মিশে গেল।

ওরে একদিন বাড়ীর পালঙ্কে বসে তোর মা কত চুমো খাচ্ছিলৈন তোকে। তুই তখন তা জান্তিস্ না। যখন হাত পা নেড়ে খেলা কর্তিস—ছ'মাসের শিশু—তখন বাতি জেলে তোর মুখ দেখে তোর মা আনন্দে সারা রাত্রি কাটিয়ে দিয়েছেন, নিজেকে আড়ালে রেখে মাকে দিয়ে তিনিই তো আদর স্নেহ দেখিয়েছিলেন। মা তো এখন স্বর্গে চলে গেছেন! এখন যে তুই পথে পথে কেঁদে বেড়াচ্ছিস্, স্বর্গবাসীরা এখন তোকে আদর করা দূরে থাক্, ডেকেও জিজ্ঞাসা করেন না।

সেই সকল স্বর্গের পাওয়া আদরকে বিশ্বাস কোরো না, **তাঁরে** মত ছলনা জানে এমন কেউ নেই—কেউ নেই। এক সময়ে মাথায় করে রাথ বেন.

তারপর পায়ের নীচে ফেলে আছাড় মার্বেন এই তাঁর রীতি।

রাধা তুমি তার আদর দেখে ভুলেছিলে—সে যে মায়াবী! কাল আস্বে মাথায় হাত দিয়ে দিব্যি করে বলেছিল, মিথ্যাবাদী! তুমি নাইতে যেয়ে যা শুনেছিলে, তাই ঠিক্; তাকে বিশাস করেছ—সে ভুল।

"আর যদি বিশাস করে থাক, তবে বনে যেও না, কুঞ্জে যেও না, মনের ভিতর যাও; ঘিএর বাতি জেলে কি দেখ্বে, ভক্তির বাতি জেলে দে'থ— সহচরীদের নিও না । একা যেও, একা একা আরতি কোর—সেখানে গোলমাল নাই, কথা বল'না। আঁধারে খুঁজে খুঁজে তাকে পাও কি না দে'থ। লোকের কাছে জাহির হোয়ো না। নিজে খাঁটি থেকো, যা বাইরে কর্বার করো। লোকে যেন না বোঝে তুমি কোন্ পথের যাত্রী। তাদের মধ্যে

তাদেরই মতন হোয়ে থেকো, কিন্তু দিনরাত তাঁকে নিয়ে থেকো। রাধা তোমার প্রেমের ঐশ্বর্য় সংবরণ কর তবেই মাথুরের নিগৃত্ রস পাবো।" বড়াই এসে এই বলে গেলেন। রাই ঠোঁট বেঁকিয়ে বল্লেন—"এ সকল কি কথা ? এ হেঁয়ালী ছন্দ বুঝ্তে পাচছি না, বুঝ্তে চাই না।"

"বড়াই, তোমার সঙ্গে যেয়ে প্রথম দেখা হোয়ে-ছিল, বলে দাও আবার দেখা হবে কিনা ?"

"সে বলে গেছে অভিসারে যেতে, আমি রোজ রোজ অভিসারে যাব। রোজ যেয়ে কুঞ্জ সাজিয়ে প্রতীক্ষা করে রইব। হয়ত কোন দিন তাঁর নৃপুরের রুণুঝুণু শোনা যাবে! হয়ত কোন দিন আরতির দাঁপ-শিখা আপনি জলে উঠ্বে; হয়ত কোন দিন এই পথ আমার প্রাণের মত তাঁর স্পর্শে জেগে ১৪

উঠে মাতালের মত ঘন ঘন আনন্দ-নিশ্বাস ফেল্তে থাকবে।"

"সে,বলে গেছে কুঞ্জে মিলন হবে, সে কথা কি
মিথা হতে পারে ? যে আশা জাগিয়ে গেছে, সে
আশা পূরণের ভার তার উপর,—সে তা জানে,
আমাকে কুঞ্জে যেতে বলে গেছে, আমি রোজ রোজ
কুঞ্জে যেতে ভুল্ব না; সংসার ত আমার বাইরে,
সংসারের কাজ তো আমার বাইরের কাজ—তা'
ডিঙ্গিয়ে তা থেকে তাঁর পায়ের রেণু কুড়িয়ে পথের
সম্বল কোরে আমাকে কুঞ্জের জন্ম রোজ রোজ
প্রস্তুত হতে হবে।"

বিশাখা চিত্রা প্রভৃতি সখীরা বসে গল্প কচ্ছেন; রঙ্গদেবী বল্লে, "কাল তো তুই ছিলি বিশাখা, কি রকম করে রাভ কাটালে রাই ?"

বিশাখা দীর্ঘনিশাস ফেলে বল্লে, "কাল যেন রাত আর কাটতে চায়নি।" রাই শেষে শুয়ে ঘন দ ঘন নিশাস ফেল্তে লাগলো, ধীরে ধীরে বল্লে— "শোন্ বিশাখা, আমি যদি মরে যাই,—আমি মরব না, কারণ আমি মোলে তাঁর বিরহ সইবে কে १—কিন্তু যদিই মরি, তবে ঐ আমার সোণার হারটি মাধবী লভাটার উপর রইল—সে তো আসবেই বলে গেছে, এসে ঐ হারটি যেন একটিবার পরে।"

এই বলে অশ্রুক্তক্ষকণ্ঠে আর কিছু বল্তে পারলে না; তার পর বীণাটি যেমন একটুখানি থেমে আবার বাজে সেইরূপ ভাবে বল্লেঃ—

"বড় যত্ন করে আঙ্গিনায় মল্লিকা ফুলের চারা বুনেছি, তারা সবে বাড়তে স্থক্ত করেছে। যখন গাছে ফুল হবে আমি তো তখন নাও থাক্তে পারি, তোরা সেই ফুলের মালা তাঁর গলায় তুলিয়ে দেখ্বি। আর আমি তখন এই ফুল শয্যার পার্শে থাকি আর না থাকি, তাকে একবার আস্তে বলিস্।"

এই বলে রাই কাঁদতে লাগলেন। "সে কান্না কি বলে থামাব ?"

স্থদেবী বল্লেন, "এ সকল কথা আর শুন্তে পারি না, ব্রজনীলা ফুরিয়েছে, আমাদের বেঁচে থেকে আর দরকার কি ? কেবল রাইএর জন্ম মর্তে পাচ্ছি না; সে বলে—তিনি বলে গেছেন কুঞ্জে যেতে, তাঁর কথার মান না রেখে যদি মরে গিয়ে তাঁকে না পাই! এ প্রাণ তাঁকে দিয়েছি, তাঁর প্রতীক্ষা না কোরে সথ্ ক'রে তো নিজে নিজে তাঁর জিনিষ ফেলে দিতে পারি না।"

' তাঁরা এই বল্তে বল্তে বৃন্দাবনের কুঞ্চে কুঞ্চে ১৮ ঘুর্তে লাগ্লেন। তুঙ্গদেবী বল্লেন—"এই ত সেই জায়গাটা। এখানে একটা ধনুকের মত দাগ এখনও রয়েছে। এখানে কৃষ্ণ রাইকে নাচ্তে বলেছিলেন "চোখের পলক পড়বে না, ক্রত নেচে যাবে। এত ক্রত নাচ্বে যে তোমার নীলাম্বরীর আঁচল নড়বে না, —এত ক্রত নাচ্বে যে তোমার পায়ে নৃপুরের শব্দ হবে না,—তোমার এলো-চুল উড়বে না, হাতের কাঁকন বাজ্বে না। এই ধনুর মত চিহ্নিত জায়গার গণ্ডী ছেড়ে যেন পা না পড়ে, যদি এমনই করে নাচ্তে পার, রাই, তবে আমার বাঁশীটি বাজি রইল। যদি হেরে যাও, তোমার কাঁচুলী ও গলার হার কেড়ে নিব।"

রাই সেদিন কি স্থন্দর নেচেছিলেন—অতি গতিতে মাথার চুল হোতে পায়ের নূপুর পর্য্যস্ত সব স্থির হোয়ে গেছিল।

বাঁশী নিয়ে কানু আন্তে আন্তে পথের দিকে

রওনা হোচ্ছিলেন—ললিতা খপ্ করে বাঁশী শুদ্ধ হাত ধরে ফেলে, তথন তার জলে ভরা ছল ছল চোখ ছুটির দিকে চেয়ে হাস্তে হাস্তে রাই বল্লেন, "ললিতা বাঁশী নিয়ে কাড়া কাড়ি কচ্ছিস কেন, বাঁশীতে 'রাই এস' না শুন্লে কি আমি আর বাঁচব ? হেরেও ওঁরই জিৎ।"



"খপ্করে বাঁশীশুদ্ধ হাত ধরে ফেল্লে।" ২০ পৃষ্ঠা

Emerald Prg. Works, Calcutta-

রঙ্গদেবী বল্লেন, "এই যে গোবর্দ্ধন-গিরি, শিলাতল বড় নির্ভ্জন স্থান ; মথুরা যাবার চার দিন আগে
এইখানে তুপুর বেলা রাইকে পেয়ে কত স্থাী যে
হোয়েছিলেন তা আর কি বলব। রাই এই পীত-বাস
পরে মনে হয় তোমার বর্ণ দিয়ে আমার গা ঢেকে
ফেলেছি,—তোমার নামে সাধা বাঁশী, তাই এক
দণ্ড আমি এটি হাত ছাড়া কর্তে পারি না। দিন
রাত তোমার পায়ের ধূলি পাবার গরবে আমার
মাথার চূড়া হেলে থাকে।"

এই বলে কত আদরে রাধার পা ছুঁতে গেলেন।
'কি কর' বলে রাই পা সরিয়ে নিচ্ছেন,—আর
কানু বল্ছেন—'ঐ পা ছুঁলে মনে হয় যেন আমি
জীবন পাচিছ।'

সেই মানুষ কি হয়ে গেল।"

সাম্প মাসে কৃষ্ণ মথুরায় গেছেন, তাঁর স্পার্শ না পেয়ে ত্বরন্ত শীত রাত্রি রাই ব'সে ব'সে কাটিয়ে-ছেন। সে মাসে একটি রাতও তিনি ঘুমোন নি।

ফাল্পন মাসে দোলমঞ্চে কার সঙ্গে তুল্বেন! কার নীল পদ্মের মত মুখখানি, পীতধড়া ও ময়ুরের পাখা আবিরে লাল হয়ে উঠ্বে! কার গায়ে কুকুম ছুড়ে মেরে তা' রাঙ্গিয়ে দেবেন!

চৈত্র মাসে রাই যমুনার যে পথে নাইতে যেতেন, সে পথে জল ঢেলে কানু শীতল ক'রে রাখতেন। ছুপুরে পসরা নিয়ে যাওয়ার সময় হাত জোড় করে এসে বল্তেন, "এই ছুপুর বেলা পথের ধূলো ২২



"দোলমঞ্চে কার সঙ্গে ছুল্বেন !" ২২ পৃষ্ঠা

Emerald Ptg. Works, Calcutta.

তেতে উঠেছে; তুমি এই কদম গাছের নীচে থানিকটা এসে বিশ্রাম কর, পথে আস্তে বড় ব্যথা পেয়েছ।" তার পর রাই বস্লে কোতুক করে বল্তেন, "কত মণি মুক্তো তোমার গায়ে ঝলু মল্ কচ্ছে। ব্রুজের আহিরেরা দিন ছপুরে ডাকাতি করে, তুমি কোন সাহসে বার হয়েছ ? এইখানে আমার কাছে থাক। তোমার মুখখানি পদ্মের মত, কি জানি যদি শ্রমরের দল ফুল ভেবে দংশন করে, তুমি এইখানে আমার কাছে থাক।"

তার পর দানী সেজে রাইএর উপর কত কৌতুকের জুলুম করেছেন, 'দান দাও বলে' পথ আগ্লে হাত পেতেছেন; সে সকল দিনের কথা স্মরণ করে রাইএর চৈত্র মাস কি করে কাট্বে?

বৈশাথ মাসের কোকিলের ডাকের সঙ্গে কান্তুর বাঁশী এক হয়ে বাজ্ত ; দখিণা হাওয়ায় তার পীত-ধড়ার সোণার রেণু বয়ে নিয়ে আস্তো। কত ফুল

তুলে তিনি রোজ রোজ রাইকে উপহার দিতেন !

'যে দিকে চোখ ফিরিয়েছি—সেই দিকেই ফুলে
ফলে আকাশের রঙ্গে, বাতাসের মধুর স্পর্শে তাঁরই
দয়া, তাঁরই প্রেম পেয়ে আফলাদে আটখানা হোয়ে
গেছি। এই নূতন বর্ষের নূতন খাতায় আজ সব
জায়গায় শৃত্য পড়েছে।'

জ্যৈষ্ঠ মাসে রন্দাবনের সব ফুল সূর্য্যের কিরণ গায়ে মেথে ফুটে উঠ্তো। তিনি ফুলশযা তৈরী করে রাইএর জন্ম বসে থাক্তেন। যমুনার এ ঘাটে রাই নাইতেন, ও ঘাট হোতে তিনি অঞ্জলি অঞ্জলি জল নিয়ে তার মধ্যে রাইএর গায়ের শেত-চন্দনের রেণু ও কুরুমের লাল রঙ্গ দেখে, আনন্দে চোথের জল ফেল্তেন। কুটিলা ননদী এসে বল্তো—'বউ তুমি কি আজ সারা দিন জলে থাক্বে।' কামুকদম গাছে উঠে পাতার আড়াল থেকে ননদীর সঙ্গে রাধার কথাবার্ত্তার মধ্যে চোথের ইসারা কোরে ২৪

তার কথার খেই ভুলিয়ে দিতেন। 'আমি তো তখন তুঃখ জানতুম না; হে কৃষ্ণ তোমার প্রেমের ছায়ায় আমার জ্যৈষ্ঠ মাস শীতল হোয়ে থাক্তো, ননদীর কথার তাপ আমার গায়ে লাগ্ত না। অক্রুর এসে আমার সেই তরুণ শীতল ছায়া হরণ করে নিয়ে গেল, আমি কোথায় জুড়োব গ'

আষাঢ় মাসে নৃতন মেঘের উপর রামধনু দেখে, আমি কুঞ্জে তোমাকে দেখবার জন্ম উতলা হোয়ে থাক্তেম; ময়ূর ময়ুয়ী মেঘ দেখে নেচে উঠ্তো। তুমি এসে আমার কত সোহাগ করে নৃপুর পায়ে নাচ্তে বল্তে; সে আষাঢ়ের আশা ফুরিয়েছে।

শ্রাবণের রিমি ঝিমি র্প্টিতে রজনীগন্ধ ফুটত, সন্ধ্যা মালতীর রং আরও লাল হোতো। তুমি সেগুলি আমার কাণে গলে পরিয়ে দিতে, এত শীগ্নির আমার সব স্থুখ ফুরোবে তাত জানতুম না।'

কামু, ভাদ্র মাসে বৃষ্টিতে ভিজে আমার সঙ্কেত

শুনে চোরের মত অপেক্ষা করতে ! কত কফ্ট ভোমায় দিয়েছি! আমার ঘরে গুরুজন জেগে থাকতেন. আমি তোমাকে ডেকে এনে বস্তে একটু জায়গা দিতে পারিনি। সে সকল দিনের কথা শেলের মত বুকে বিঁধে আছে! সংসার আমায় ঘিরে রেখেছিল. তোমার কাছ যাব বল্লেই কি যেতে পারি! আমি ন্ত্রীলোক, তুমি কি জান না, মনের কথা মনে রয়েছে. তোমায় বলতে পারিনি। চোখ দুটি পেয়েছি. কিন্তু চোথ তুলে তোমায় দেথবার অবসর পাইনি। গোঠে যেতে, তোমার বাঁশী শুনে পাগল হয়ে জানালার দিকে চেয়ে থাক্তুম, কিন্তু দাদা বলাই সঙ্গে থাকতেন —আমি চোথ চেয়ে দেখতে পেতৃম না—লজ্জায় নত চোখে ফিরে যেতুম, তুমি কি সে কফ বোঝনি ? এই দুখানি পা কত বুথা কাজে কত জায়গায় গেছে —তোমার তীর্থে ত যেতে পারে নি! আজ আমার শেষ। আজ ভাব্ছি, কেন তোমায় ছেড়ে. কোন্ २७

লক্ষায়, কার ভয়ে, কার আশায় এখানে সেখানে ঘুরেছি? কেন তোমার পা' আঁক্ড়ে ধ'রে—আর সমস্ত যমুনায় ভাসিয়ে দেই নি। আজ এই ভরা ভাজ মাস, যমুনায় বান ডেকেছে, কে আমায় ওপারে নিয়ে যাবে, আমি ওপারে তোমার কাছে কেমন করে যাব? আমি সাঁতার জানি না, হে মাঝি, তুমি পার না কল্লে, আমি নিজে কি ক'রে পার হ'ব? আমার ভাঙ্গানা, মদারের বৈঠা, আজ আমায় কে পার করবে? আজ এ ভাদ্রের বত্তায় আমি ভেসে যাচিছ। ভাদ্রে তোমার জন্মোৎসব, বৃন্দাবন আনন্দে ভেসে যেত, আজ আর কি উৎসব কর্বো। আমাদের চোথের জলের অর্ঘ্য ছাড়া উৎসব কি আছে!

আখিন মাসের উৎসব বৃথা হোয়ে গেছে, আর কাকে নিয়ে উৎসব করব ? আর কোন সখী তোমার আগমনী গান কর্বে! আমার পক্ষে যে বিজয়া হোয়ে গেছে।

কার্ত্তিক মাসও চলে গেল; কার্ত্তিক পূর্ণিমার রাসে গোপীরা তাঁকে ঘিরে দই ও হরিদ্রা দিয়ে খেল্তেন্! শ্যাম অঙ্গে কুঙ্কুম ছিটাতেন,—কার্ত্তিকের হিমের রাত্রি রাই বসে তাই ভেবে ভেবে কাটালেন। হিমে পদ্ম-দল শুকিয়ে গেল, রাইও সেইরূপ হোলেন! শরৎ কেটে গেছে, বর্ষার মেঘের শেষ স্থর শুনিয়ে, বনে বনে রোদের সোণালী রঙ্গ ঢেলে শরৎ চলে গেছে, চাঁদকে কোয়াসায় ঘিরেছে; রাই উন্মনা হোয়ে থাকেন—কারু সঙ্গে কথা কন না, হিমকণার সঙ্গে তার অঞ্চকণা মিশে যায়।

অগ্রহায়ণে নবান্ন; কার ভোগের জন্য পিফকাদি নিবেদন ক'রে রাই প্রসাদ পাবেন গ

পৌষের শীতকে উষ্ণ স্পর্শ দিয়ে কে ভেঙ্গে দিবে ? প্রতির দিন তার প্রেমের কথা স্মরণ হয়,
বড় ঋতুর প্রত্যেকটিতে তার প্রীতির ছাপ পড়েছে।
এখন দেগুলি চিচ্ছ মাত্র হয়ে আছে। পৃথিবীকে তারই
পাদপল্লের দাগ মনে করে, রাই মাটীতে লুটিয়ে
পড়লেন, এই ধ্লোতে তার পদধ্লির রেণু আছে,
এই বলে লুটিয়ে পড়লেন—আহার গেছে, নিদ্রা
গেছে, এইবার প্রাণও বুঝি যায়।

সখীরা কত বুঝান! কিন্তু কে বুঝ্বে? মেঘের গুরু গুরু শব্দ, কদম্বের আ্রাণ, পাপিয়ার পিউ পিউ ও বিদ্যুতের ঝলক্—রাইকে কি সংবাদ দিয়ে যায়, 'আহার নিদ্রা ছেড়ে তিনি তাই শুনেন ও মাঝে মাঝে চম্কে উঠে প্রলাপ বক্তে থাকেন।

একদিন রঙ্গ বিশাখাকে বল্লেন, "তুই তো নন্দ-গ্রামে গেছিলি, তাদের অবস্থা কি দেখ্লি ?"

বিশাখা বল্লে, "সে সকল বলে কি হবে ভাই, একবার নন্দালয়ে যেয়ে ছাখ্না; ছুই জনে কেঁদে
কেঁদে অন্ধ হোয়ে গেছেন,—রাখালেরা যখন মনোছুঃখে, ধেনুর পাল নিয়ে তাঁদের বাড়ীর কাছ দিয়ে
চলে যায়, তখন তাঁরা চোখে দেখ্তে পান্না,
তাদের পারের নৃপুরের শব্দে নন্দ বুর্তে পারেন—
গোচারণের সময় হোয়েছে, তখন তাদের ডেকে
আনেন, কাছে এলে মুখে হাত বুলায়ে বলেন, 'কে
শ্রীদাম নাকিরে, না স্থদাম ?' সেদিন কাঁদতে
কাঁদতে মধুমঙ্গল বলে—'আমি শ্রীদাম নই, আমি
আপনার মধু।"

"মধু, তুই আমার গরুগুলি নিয়ে যা'—তারা কিছু খায় না। সেই হোতে উদ্ধর্মুখে মথুরার দিকে '
চেয়ে আছে।"

"মা বাপকেও কি এমনই কর্তে আছে ? আমরা কি বলুবো !"

এ সুময়ে হেল্তে তুল্তে শ্লানমুখে আঁচলে চোখ মুছ্তে মুছ্তে বৃন্দা সেখানে উপস্থিত হোল। বিশাখা ছুটে গিয়ে তাকে জড়িয়ে ধল্লে।

বৃন্দা বল্লে, "এই আমি রাইএর কাছ থেকে আস্ছি,—উঃ কি দাবানলেই বৃন্দাবন দগ্ধ হোয়ে গেছে! ভ্রমর উড়্ছে না, ফুল ফুট্ছে না—বাঁশী বাজ্ছে না! হা বিধাতা, কি বৃন্দাবন দেখিয়েছিলে, আর কি বৃন্দাবন দেখাচছ! এখানে কত বকাস্কর অঘাস্কর কিছু কর্তে পারে নি, তা কিন্তু কৃষ্ণ-বিরহ একে ধ্বংস করে গেছে।

"রাইকে দেখ্লুম সে উঠতে পাচেছ না, বহুকটে একবার শুয়ে পড়েন, আবার মাটা ধোরে উঠে ঘসেন, ব্যাকুল চোখে চারিদিকে চান,—আর চোখ দিয়ে কেবল অশ্রু পড়তে থাকে, সেখানে

রূপমঞ্জরী ও গুণচূড়া বসে আছে; সেখানে একটু দাঁড়িয়েছিলুম —তখন যেন মনে হোল কৃষ্ণ সত্যই বৃন্দাবন ছেড়ে গেছেন। তাঁর অভাব তেমন কোরে আর কোথাও মনে হয় নি।"

রঙ্গদেবী মিনতির স্থারে বল্লে, "তুমিই হচ্ছ, আমাদের বল বৃদ্ধি। এখন উপায় কি, তুমি কি একবার মধুরায় যাবে না।"

বৃন্দা বল্লে—"তা আমি রাইকে সেই আশাস দিয়ে এসেছি! আমি কালই যাচ্ছি!"

সকল সথীর মিনতি প্রীতি ও নমস্বার সহ শুভ-দৃষ্টি বৃন্দার মাথার উপর যেন পুষ্প বর্ষণ কর্তে লাগল। প্রাদিনে সন্ধ্যায় বৃন্দা মথুরায় যাত্রা কল্লেন।
ব্রজগোপীরা দীপ জালিয়ে যমুনায় ভাসিয়ে দিয়ে
বল্লে, "দৃভি, দেখ যেন আমাদের এই শত শত
আশার দীপ নিবে না যায়!"

শত শত চোখের জ্যোতিতে বৃন্দা পথ দেখতে পেল। তারা যেন বৃন্দার পথ তাদের চাউনির নীল-পদ্ম ছড়িয়ে কোমল করে দিল।

আজ বহুদিনের পর সন্ধ্যায় গোপীদের মুখে শাঁখ বেজে উঠল; বড় আশায় বেজে উঠল। "আর কি ব্রজের শ্রী ফিরে আস্বে ? বৃন্দা! তুমি কি আন্তে পার্বে ?"

বৃন্দা নলে গেল, "আন্বে তো তোমরা। আমি তো একটা উপলক্ষ মাত্র। তোমাদের সর্ববন্ধ দেওয়া ভালবাসার আকর্ষণ যদি না টেনে আন্তে পারে, তবে আমি কি কর্ব ভাই! তোমাদের বলে আমি যাচিছ। আর একজন, যে জীবন ছেড়ে দিয়ে প্রেমের তপস্থা করছে, যদি আন্তে হয় সে আন্বে—আমি তার দৃতি হয়ে চল্লুম।"

সেই সন্ধ্যায়—নীলাম্বরী পরে অভিসারিকার মত বৃন্দা চলে গেল; সমস্ত বৃন্দাবন যেন এক দৃষ্টে একাগ্র হোয়ে তার পথের পানে চেয়ে রইল। এত বৃন্দাবন নয়,—এ যে মথুরা। এখানে বড় বড় অট্টালিকা,—একটা ফুল বা লতা ওতো দেখতে পাওয়া যাচছে না। নগরের বুক পাষাণে চাপা। এখানে প্রভাতে পদ্ম ফুটে ওঠে না। বড় বড় বাড়ীর আড়াল থেকে সূর্য্যোদয় দেখা যায় না। পাখী কলরব করে না। শেষ রাত্রে 'দয়েল,' 'চোখ গেল' ডেকে ওঠে না; রাত্রি যে পুহিয়ে যায়—তা বুঝ্ব কি করে ?

বৃন্দা শুন্লে—ঢং ঢং করে নগরের কাণের কাছে প্রভাতী ঘণ্টার শব্দ যেন ধাকা মেরে সকলের ঘুম ভাঙ্গিয়ে দিয়ে গেল।

কই রাখালদের বাঁশীর স্থর কই ? মায়েরা ছেলেদের চোখে কাজল পরান্ কই ? কপালে অলকা তিলকা এঁকে দেন কই ? বউএরা কলসী নিয়ে নূপুর বাজিয়ে জল আন্তে যান কই ? পুকুরের জলে পদ্মের মত স্থানর মুখ ফুটে ওঠে কই ? কোমল হাতের চুড়ি-বালায় লেগে বাসনের ঠুন্ ঠুন্ শব্দ ঘাটে ঘাটে ভ্রমরের মত গুঞ্জন করে কই ? মেঠো স্থরে আকাশ কাঁপিয়ে চাষী হাল বায় কই ?

হান্দা দেখলে, সোণার লাঠিহাতে দারোয়ান উটের পিঠে বসে থাছে। সন্মুখভাগে সোণা রূপার হাওদায় মুকুট-পরা বড় লোকেরা থাছেন। হাতীতে রথ টান্ছে, রাজপথে রাজরাজ্ ড়ারা থাছেন—মস্ত মস্ত বাড়ীর দরজার সন্মুখে লাল রেশমী বস্ত্র-পরা থাঁড়া হাতে চওড়া গোঁপওয়ালা লম্বা সেপাই নাগ্রা জুতো পায়ে ঘুরে ঘুরে পাহারা দিছে। রাস্তায় যারা থাছেন, তারা হেঁটে থাছেন কি ছুটে থাছেন, তা বোঝা থায় না। সবাই বাস্ত—সবাই ক্ষিপ্রগতি—

থেন একদণ্ড দেরী সয় না,—এইভাবে চল্ছেন। কত পুষ্প-রথ, কত শকট, কত রঙ্গের কাঁচুলী গায়ে বাঁকা

মল-পরা, নানা রঙ্গের ডুরে শাড়ী ও ওড়না দিয়ে গা' ঢেকে মথুরাবাসিনীরা, পুরুষদের মত, পুরুষদের গা ঘেঁসে চলে যাচছে। তাদের সইএ সইএ সে গলাগলি ভাব কোথায়? সেই থম্কে থম্কে, লিজ্জিত চোথের কোণে পথিককে দেখে সশস্কিত' হোয়ে চোথ নত করা, সে মৃত্ত-মধুর ভাবে যাওয়ার ভঙ্গী কোথায়? বড় মানুষেরা শাল দোশালা গায়ে, রজ্ব-ধচিত পাগ্ড়ী মাথায়, জরীর জুতা পায়ে চলেছেন। তাঁদের গা ঘেঁসে তাঁদের গ্রাহ্থ না কোরে মুটে মজুর চলে যাচেছ।

এ সব কেমন! এই সকল বড় লোকের এক জন বৃন্দাবনে গেলে যে শত শত চোথ দূর হোতে বিশ্ময়ে চেয়ে দেখতো; এদের কেউ দেখছে না, কেউ মান্ছে না। কেবল হৈ হৈ চীৎকার, শকটের শব্দ! বৃন্দা রাস্তায় চল্তে ভয় পেতে লাগ্লেন। "কামু এই মথুরায় রাজা হোয়েছে! তাকে কোথায় ৩৮

গেলে পাব ? কাকেই বা জিজ্ঞাসা করা যায়!

যারা পথ হাঁট্ছে, তাদের যেন অবসর মাত্র নেই—

এমনই ভাবে ছুটে যাচছে। তাদের আমি কেমন
করে জিজ্ঞাসা করতে পারি।"

সখীদের মধ্যে বৃন্দার মত মুখরা তো কেউ নয়, কিন্তু আজ তার সমস্ত কথা কইবার শক্তি যেন কে হরণ করে নিয়ে গেল। তার তালু ও জিহ্বা যেন শুকিয়ে কাঠ হোয়ে গেল।

36

হাল্য দেখ্ল এক স্থানে একটা প্রমোদ উচ্চানের মত; তার ধারে ধারে টবে ফুলের চারা বসানো। এ কি কৃষ্ণকেলী নয়? ঠিক তাই তো।

বৃন্দা যেন এবার হাঁফ ছেড়ে বাঁচ্ল। এই বৃহৎ
পুরীর মধ্যে—অপরিচিত রাজ্যটার মধ্যে সেই ফুলগুলি যেন একমাত্র পরিচিত বন্ধু। এই রকম ফুল
ত বৃন্দাবনেও আছে। তার পরে চোথে জল এলো;
হায়! বৃন্দাবনে কি আর ফুল ফোটে? যাঁর
গায়ের হাওয়ার স্পর্শে গোপীর প্রাণ আর ফুলের
পাপ্ড়ি ফুট্তো,—সে বৃন্দাবন-ভানু যে আজ্
মপুরায়!

প্রমোদ উভানে অনেক লোক যুরে ঘুরে কথা-বার্ত্তা কইছে। কেউ কেউ বা বড় বড় মর্ম্মর পাথরের আসনের উপর বসে বিশ্রাম কচ্ছে। এই একটু জারগায় যেন তেমন তাড়াহুড়া নেই।

বৃন্দা দেখ্লে, তুইটা বুড়ো লোক লাঠি হাতে কি কথা কয়ে ধীরে ধীরে পা'চারি কচ্ছেন।

কই কেউ তো তাকে কিছু জিজ্ঞাসা কচ্ছে না—
বৃন্দাবনে নৃতন লোক গোলে তাকে কত কৈফিয়ৎ
দিতে হয়, জনে জনে তার চৌদ্দ পুরুষের নাম
জিজ্ঞাসা করে ছাড়ে। অতিথি ভেবে লোকে তাকে
কত টানাটানি করে। 'আমাদের বাড়ী এস' বলে
জড়িয়ে ধরে ছেলেরা বাড়ী বাড়ী তাকে নিয়ে যাবার
জন্ম কত আদর করে। এখানে আমাকে জিজ্ঞাসা
করা দূরে থাকুক—আমি যে কাকে জিজ্ঞাসা কর্ব,
তাই ঠিক পাচ্ছি না। এ জায়গা কেমন ভাল
লাগ্ছে, আবার ভালও লাগ্ছে না; চারিদিকে

চমৎকার বাড়ী, ঘর, রাস্তায় কি আশ্চর্য্য ঘটা, কিন্তু কেন যেন প্রাণ শুকিয়ে যাচেছ। এত বড় সহরটায় আপনার জন কেউ নাই; এরা যেরূপ কাজে ব্যস্ত, এরা কি কাজ ফেলে মনের কথা বল্বার অবসর পায় ? এখানে সকলেই নজেদের নিজেদের— কেউ পরের নয়।

তখন বৃন্দার বুকটা হঠাৎ ধড়াস্ করে কেঁপে উঠ্ল, 'এখানে আপনার জন নেই কে বল্লে; এখানে যে আমাদের কানু আছে।'

বৃন্দার চোথ গড়িয়ে জল পড়তে লাগ্ল।

70

সাম্বের রাস্তা দিয়ে ফেরিওয়ালা ও গাড়ো-য়ান নানারূপ হেঁকে যাচেছ। ঝাড়ু বরদার রাস্তা ঝাঁট্ দিচেছ। মালীরা রাস্তায় চন্দন ছড়াচেছ। যেদিক দিয়ে মথুরার রাজপুরী—সেই পথে তারা বোঁটা ছেঁড়া ফুল ছড়িয়ে যাচেছ।

সেই রাজপথের অফুরস্ত ছবি থেকে মুখ ফিরিয়ে বৃন্দা দেখুলেন, সেই ছুইটি বুড়ো মাথায় মস্ত বড় পাগ্ড়া, রেশমী লালপেড়ে কাপড় পরা, কপালে কুলি,—ঘাড় নেড়ে নেড়ে কথা বল্তে বল্তে তার প্রাণ দিয়ে চলে যাচেছন।

> বৃন্দা থুব সাহস কোরে তাঁদের একজনকে ৪৩

জিজ্ঞাসা কল্লেন—"মথুরার রাজপুরীটা কোন্দিকে বাবা ?"

তাঁদের একজন একটু বিশ্মিত হয়ে তার দিকে চেয়ে বল্লেন, "নৃতন এসেছ বুঝি বাছা, তাইঁতো পাড়া-গোঁয়ে ঢক্ষে সাড়ী পরেছ, দেখ্ছি। ওই'যে ডানদিকের পথে একটা লোক ফুল ছড়িয়ে যাছেছ ও বড় একখানা রথ একটা শকটের সঙ্গে প্রায় ধাকা খেতে খেতে বেঁচে গেল, ঐ পথটা দিয়ে সোজা খানিকটা গেলেই রাজপুরী; তা কাউকে জিজ্ঞাসা কর্তে হবে না। অত বড় লাল পাথরের বাড়ী মথুরায় নেই; কংস বিশ্বকর্মাকে ডেকে তৈরী করেছিল, সাম্নে নীল লাল পাথরের কাজ করা প্রকাণ্ড সিংহদার—তার উপর ১০১টা সোণার কল্সী।"

29

এই বলে বুড়ো চলে গেলেন, কিন্তু কৃষ্ণ তার কোন্থানে থাকেন, তা ত জানা চাই!

বৃন্দা দেখলেন, বুড়ো ছটি যেয়ে মর্ণ্মর পাথরের একটা মঞে হেলান দিয়ে আবার ঘাড় নেড়ে গল্প করতে লেগে গেছেন।

তিনি আন্তে আন্তে যেয়ে সেই তুই বুড়োর যিনি তাঁর সঙ্গে কথা ব'লেছিলেন ও যাঁর পাগ্ড়ীর রংটী নীল তাঁকে বল্লেন—"বাবা, সেখানে কি কৃষ্ণ থাকেন ?"

বুড়ো চন্কে উঠে বল্লেন, "মথুরা-রাজ! তাঁর খবর আমরা কি জানি? তিনি অবশ্য রাজপুরীতেই আছেন।"

বৃন্দা জিজ্ঞাসা কল্লেন, "রাজপুরীতে কি গোচারণের মাঠ আছে ?" বুড়োরা কিছুই বুঝিতে পাল্লেন না, এ ওর মুখের দিকে চাওয়া-চায়ি করে, এক-জন হেসে বল্লেন, "তুমি রাজপুরীতে কাকে চাও ?" "আমি মথুরাধিপের সঙ্গে দেখা কর্ব।"

79-

"ঠার খবর তো বাছা আমরা কিছু বল্তে পার্ব না। গন্ধর্ব-রাজ স্বয়ং এসে ছু'দিন থেকে চলে গেছেন। কংসবধ শুনে স্বয়ং কুবের কৌস্তভ-মণি নিয়ে ভেট দিয়ে গেছেন। কিন্তু এঁদের কারু সঙ্গে মথুরাধিপ দেখা করেন নি!

"শুনেছি সন্তি কর্তা ব্রহ্মা এসে একদণ্ড দেখা কর্তে অনুমতি পেয়ে ছিলেন এবং সেই স্থযোগে দেবরাজ ইন্দ্র তাঁর পিছু পিছু যেয়ে দেখা করে গেছেন। কিন্তু তার ঐরাবতটা নিয়ে ভারি গোল বেঁধেছিল। মথুরার রাজদারী মস্ত বড় বলে সেটাকে কৈছুতেই পুরীর পথে চুক্তে দেয় নি; দেবরাজকে অনেকটা পথ হাঁট্তে হোয়েছিল।

"কংসবধের থবর পেয়ে লোকপালেরা এসে হেঁটে হেঁটে হয়রান হয়ে যাচ্ছেন। কনোজ, কাশ্মীর, দ্বারা-বতী প্রভৃতি দেশের রাজারা এখনও পুরীতে এসে এতালা দিয়ে আছেন—তাঁর সঙ্গে দেখা করতে পারেন নি।"

হলুদ রঙ্গের পাগ্ড়া মাথায় বুড়োটি বল্লেন, "ভাই কলিঙ্গরাজ রজতসিং খুব সহজে সেরে নিয়েছেন। অগস্ত্য ঋষি মথুরেশকে আশীর্বাদ করতে এসে-ছিলেন, রাজা তাঁকে থুব সাফীঙ্গে প্রণাম করে সঙ্গে নেওয়ার জন্ম আবদার করেন। অগস্তা ঋষির ভাতৃষ্পুত্র পরাশর হচ্ছে কিনা কলিঙ্গরাজের মন্ত্র-গুরু। তারই খাতিরে ঋষি রজতসিংহের সঙ্গে মথুরেশের দেখা ঘটিয়ে দিয়েছেন। শুনেছি নাকি দ্রটো শেত হাতা দিয়ে টেনে একটা সোণার ছোট বাড়ী রাজা মথুরেশকে ভেট দিতে এনেছেন। সেই বাড়ীটার এক-এক ঘরে কত হারে-মাণিক, কত

জহরৎ, কত সোণার আসবাব্!"

দিতীয় বুড়োটি বল্লেন, "ভেট তো আস্ছেই, বর্ষার বানের মত আস্ছে; কিন্তু মথুরেশের সঙ্গে দেখা পাবার উপায় কি ? রাজারা সিংহদারের নিকট ভিড় কচ্ছেন ও সাত্যকির হাতে সোণার চাবুক খেয়ে ফিরে বাচ্ছেন।" প্রশ্বন বুড়ো বল্লেন, "কংসের ভয়ে প্রজারা সশঙ্কিত ছিল; ঋষিরা মথুরার চৌকাঠ ডিঙ্গোতেন না—কেবল নারদ মাঝে মাঝে আস্তেন।

"তাঁকে যে দিন মথুরেশ বধ করেন, সেই দিন থেকে তো রাজ্যের ভয় ও আপদ দূর হোয়েছে—সক্ষাই তাঁর সঙ্গে দেখা কর্তে চায়; কিন্তু এমন ভাগ্নি কার—যে দেখা পাবে?"

এমন সময় রুন্দা বাধা দিয়ে বল্লেন, "আপন্নারা মথুরেশ ব'লে যাঁর কথা ক'চেছন, তিনিই তো কৃষ্ণ ?"

বুড়োদের একজন বল্লেন, "তুমি পাড়াগেঁরে

৫০

এই অট্টালিকায় যাঁর বাস, এত রাজা-রাজড়া এমন কি দেবতারা অবধি যাঁর দেখা পান না, তিনি কি কৃষ্ণ ? সেই আমাদের রাধার পায়ে-পড়া ধন, পাঁচনবাড়ী হাতে রাখাল, এও কি সম্ভব ? এ কৃষ্ণ সে কানু কথ্যনও নয়!

তবে উপায় কি ? ব্রজগোপীরা না বড় দীপ স্থালিয়ে যমুনায় ভাসিয়েছিলে ? আমি না ভোমাদের আশা পূর্ণ কর্বো! পথের পানে চেয়ে আমার ফের্তা পায়ের নূপুর শোন্বার অপেক্ষা কচ্ছ ? আমাদের কামু কোথায় গেছে, কে

জানে—এখানে গরু কই । মাঠ কই । সে রাখাল কি এখানে আছে । এত বড় রাজ্যের রাজা হ'লে সে কি আর বাঁচ্তো । তার রাখালের প্রাণ ভয়েই মারা পড়তো।

আমার থোঁজা তাঁকে র্থা। এই বিপুল রাজ্যের রাজাধিরাজকে আমার মত নগণ্য প্রাণী কোথায় পাবে ? এ যে বালকের ছুই হাত উঁচ্ করে চাঁদ ধরার মত! এ আমার একেবারেই আয়ন্তের মধ্যে নয়!

२२

সেইখানে একটি বেণে দাঁড়িয়ে পথের ওপার যেতে প্রতীক্ষা কচ্ছিল—বড্ড গাড়ী গোড়ার ভিড়, থানিকটা দাঁড়িয়ে,—যাবার ফাঁক পায় কি না, সে তাই দেখুছিল।

রন্দা তাকে বল্লেন, "বাছা, রাজপুরীর অন্তঃপুরের দোরটা কোন দিকে ?"

সে বল্লে, "উত্তর দিকে, ঐ যে ডান দিকে সক্র গলি দেখ্ছ, ওটি ধ'রে সোজা চলে যাও।"

এই বলে সে হাত বাড়াল। বৃন্দা বৃ্ক্তে পার্লে না, সে কি চায় ?

(म वर्ह्म, "रामत्री करत आत ममग्र नक

কর্তে পাচ্ছি না, শীঘ্র দামটা বার করে ফেল।"

"কিসের দাম ?"

"এই যে পথ বাত্লিয়ে দিলুম 'ও বুঝি শুধোশুধি ?"

বৃন্দা তার মুখের দিকে হাঁ করে তাকিয়ে রইলেন,—যেন কথার অর্থ বুঝ্তে পার্লেন না।

সে লোকটা রুক্ষমস্বরে বল্লে, "এ ছুঁড়ি হাবা না কি ? পথ জিজ্ঞেদ্ করে নিজের কাজ উদ্ধার ক'রে নিল। এখন আমার পারিশ্রমিক দেবার বেলা হাবা সেজেছেন! আমার সময় নফ্ট হয়ে বাচ্ছে, শীধির পয়সা ফেল।"

একটি প্রাক্ষণ যুবক সেইখান দিয়ে যাচ্ছিলেন, তিনি বুঝ্লেন—মেয়েটী পাড়াগোঁয়ে, মথুরার দরদস্তর জানে না। তখন নিজের পুট্লী হ'তে পারিশ্রমিক বার কোরে দিয়ে

বল্লেন, "এই নাও তোমার পথ ব'লে দেওয়ার দাম।"

রন্দা সেই বামুনকে প্রণাম কোরে কিছু বল্বেন, এমনই চেফা কচ্ছেন, এর মধ্যে তিনি চলে গেছেন।

বৃন্দা ভাব্লেন, এমন স্থানেও মানুষ থাক্তে পারে! বৃন্দাবনের জন্ম তাঁর প্রাণ কেঁদে উঠ্ল; কিন্তু বৃন্দাবনের চাঁদকে না পেলে যে সে স্থান আঁধার!

20

অস্তঃপুরের দোরে গিয়ে অনেক কান্নাকাটি কোরে বৃন্দা এক দাসীর কুপা লাভ করেছেন। সে খাস অন্দরের দাসী—বৃদ্ধা, সব-ভানে তার গতিবিধি আছে।

কৃষ্ণ দি-প্রহরের পর যুনিয়ে পড়েছেন।
সেই ঘরের দরজায় সোণার বেত হাতে নানারপ
ক্পুলিকা পরে হীরা, মণি ও পাখীর পালকের
তাজ মাথায় দিয়ে মথুরাবাসিনীরা পাহারা
দিচ্ছে। দাসী সেই দরজার কাছে এনে বৃন্দাকে
রেখে গেল। সেই স্ত্রীলোক শাল্লীদের কোমরে
সোণার শেকলে আঁটা হীরা-মতি বাঁধানো কোষে
৬০

তলোয়ার ঝুলানো রয়েছ। তাদের একজন এসে সেই বুড়ো দাসীকে জিজ্ঞেস্ কল্লে—"এ স্ত্রালোক, কে? মথুরেশের শয়ন-যরের কাচে কেন এনেছ ?"

দাসী বল্লে, "এটি আমার বোন্ঝি, আহা বড় ছু:খিনী—রাজপুরী ঘুরে ঘুরে দেখ্ছে। মথুরেশ তো ঘুমুচ্ছেন, খানিকটা এখানে ব'সে বিশ্রাম কোরে চলে যাবে, এর জন্মে বদি কোন কথা ওঠে, তার জবাবদিহি আমার।" প্রীন্দোক শান্তীরা আর কিছু বলে
না। বৃন্দার সমস্ত দর্প চূর্ণ হোয়ে গেছে।
রূপের দর্প? এ নাগরীদের পায়ের নথের
কোণে যে রূপ, তার তা নেই! বৃদ্ধির দর্প?
পদে পদে ঘাটে-ঘাটে লোকেরা তাকে বোকা
ঠাওরিয়ে হেসেছে! প্রেমের দর্প? কার সঙ্গে
প্রেম?—সিন্ধুর সঙ্গে বিন্দুর প্রেম—তা যে
উপহাসের কথা! তাঁকে হাতে পাওয়ার কথা!
বাঁকে ব্রন্ধা, ইন্দ্র, ইয়তা কর্তে পারেন না,
তাঁকে পাওয়া—্সে তো স্বপ্প-রাজ্যের পাওয়ার
চেয়েও মিগ্যা।

७२

তবে কাকে নিয়ে আরতি করেছি! কার কাছে একশ' বার ছুটে এসেছি! কার কাছ থেকে দাসখৎ নিয়েছি! কার গরুর রাখালীর কথা নিয়ে গল্প তৈরী করেছি! সে কে ? সে বিরাট্—দে কে ? তার সম্বন্ধে যা কিছু বলেছি. যা' কিছু শুনেছি, সে সমস্ত মিথ্যা! তার কুঞ্চে দাপ জেলেছি, তার মুখ অলকা-তিলকা দিয়ে সাজিয়েছি—এ সমস্ত মিখ্যা! সে কে? এ কোথায় এসেছি ? কুয়োর জীব হোয়ে মনে মনে করেছিলেম—সেইটাই জগৎ—দেখানে যা নেই. কোন জগতে তা নেই! আজ মহা-সমুদ্রের ধারে এসে দেখ্ছি এ কি অকুল! এ কি বিরাট্! আমাদের প্রাণ দিয়ে বড়াই কচ্ছি! এতটুকু জিনিষের দান, তাও আবার দান ? সেই দাতার আবার মান ? রাধা তুই কার জন্মে কাঁদ্ছিস্ ? হিমালয়ের একটুক্রা পাষাণের উপর মাথা

আছড়িয়ে ভাবছিস্, হিমালয়টা নড়বে ! হা অদৃষ্ট ! রুন্দাবনে কতকগুলি পাগল ব'সে ব'সে কাঁদছে, আর ভাব্ছে, স্প্রির একটা প্রাল্য তারা কোছে !

20

হান্দা তবু সে স্থান ছাড়লেন না, রুক্ত সেখানে আছেন ত ? যত বড় ঐশ্বর্য তার হোক্ না কেন, তাঁর পায়ের ধূলি-কণা যেখানে আছে, গোপী কি সে স্থান ছাড়তে পারে ?

বৃন্দা ব'দে ব'দে ভাব্ছেন, আর চোখ দিয়ে জল পড়্ছে। পাছে শান্ত্রীরা দেখতে পেয়ে ঠাটা করে, এই জন্ম একটা আঙ্গুল আন্তে-আন্তে চোখের কোণে ঠেকিয়ে জলের ফোঁটা মুছে নিচ্ছেন। কিন্তু আর পারেন না, হঠাৎ অভি বড় দুঃথে তিনি চীৎকার কোরে বলে উঠ্লেন, "জয় রাধে।"—সে যে গোপীদের চির-অভ্যাস।

et.

অমনই শান্ত্রীদের তরবারী কোষ হ'তে বার হোয়ে পড়ল। তারা এসে বৃন্দাকে ঘিরে ধরে বল্লে, "এত বড় সাহস! এখানে চীৎকার কোরে মধুরেশের ঘুম ভাঙ্গাচ্ছিস্?" কাঁচলীর পেটা থেকে রেশমী দৃঢ় রক্জু বার ক'রে তারা বৃন্দার কোমল কর ঘু'খানি বেঁধে ফেল্লে।

তখন সম্মুখে দাঁড়িয়ে কৃষ্ণ !

শান্ত্রীরা অভিবাদন কোরে শশব্যস্তে সরে দাঁড়াল।

তিনি বল্লেন, "থুলে দাও।" অমনই বন্ধন মোচন হোল।

কৃষ্ণ তার হাত ছুখানি ধোরে তাকে নিজের কক্ষে নিয়ে এলেন। বৃন্দা তাঁর পদে সুটিয়ে পড়লো।



"তারা বৃন্দার কোমল কর ছুখানি বেঁধে ফেলে।"

Emerald Ptg. Works, Calcutta.

ক্লান্থ বল্লেন, "দূতি, তুমিই এই শুদ্ধ নগরীতে রাধার নাম কোরে আমার কাণে অমৃত ঢেলে দিয়েছিলে ?

"তুমি আমায় দেখে ভয় পেও না। এই দেখ রাজদণ্ড, কত হীরার গাঁথুনী; যমদণ্ডের স্যায় লোকে এ দেখে ভয় পায়। কিন্তু আমার বাঁশীটী বৃন্দাবনে ফেলে এসেছি। যে হাতে বাঁশী ছিল, সে হাতে কি এই রাজদণ্ড সাজে! আমার ময়ূর পাখা নেই, এই রাজমুকুটে কি আমার সে সাধ মিট্বে! সেই যে রাধার পায়ের ধূলো যার শিরোভূষণ, সে ময়ূরপুচ্ছের মূল্য কি এই রাজমুকুটের ?

"রন্দা, তোমায় দেখে বাঁচ্লুম; রাজার ছল-বেশে যে, রাখালের প্রাণ হাঁপিয়ে উঠ্ছিল—উঃ! এই নগরের জালায় জলে যে তোমার গাজের বাতাসে জুড়িয়ে গেলাম।"

বৃন্দা ভাল করে কিছু বল্তে পার্লেন ন: ।
কেবল আধ-ভাবে বল্লেন "হে মথুরেশ, বড় ছর
পোয়েছি, অভয় দাও, আমরা তোমার—আমর।
অতি কুদ্র, কিন্তু এই কুদ্রদের সমস্তই তোমার।
ভূমি বল,—ভূমি আমাদের সেই কামু কি না
তোমার এ বেশ দেখে ভয় হচ্ছে। তোমার
এ বেশের কাছে এগুতে পারি, আমরা এফন
কি স্তক্তি করেছি
পায়ে পড়ি বল, ভূমি
আমাদের সেই কামু কি না
প্

ক্রহ্ণ যত্ন করে বৃন্দাকে উঠালেন এবং ব্রেকর কথা জিজ্ঞাসা কর্তে লাগ্লেন এবং ব্রেন—"এই সমস্ত ঐশর্য্যের মধ্যে, আমি এক মুকুর্ত্ত রাইকে ভুল্তে পারি নি। সে না সংসারের জালায় জলে আমায় বল্তো—'কামু আমি যেখানে যাই, যত তুঃখ পাই, তোমার চাঁদ মুখের হাসি মনে করে সব কফ্ট ভুলে থাকি ? তুমি যদি নিষ্ঠুর হবে, আমায় ছাড়্বে—তবে ওই খানে দাঁড়িয়ে দেখ আমি কেমন করে মর্তে জানি।' রাই কেমন আছে দৃতি বল।"

"রাইয়ের অবস্থা কি বল্বো। যেদিন আমি আস্ব, তার আগের দিন দেখি, রাই শুয়ে আছে, ওঠ্বার বল নেই, দিন রাত মুখে "কানু" "কানু" কানু"। ক্ষীণ কণ্ঠে আমায় বল্লে,—'দূতি তার দোষ নেই, আমার ভাগ্যের দোষ। এ কি কেউ বিশাস কর্বে ? দূতি, আমি নদীর মোহনায় এসে তৃষ্ণায় ম'রে গেলেম! শ্রাবণ মাসের মেঘ আমায় এক ফোঁটা জল দিলে না, কে বিশাস কর্বে ? দূতি, চন্দন গাছ আমাকে দেখে স্থগিদ্ধ ক্রিয়ে রাখ্ল; কানুকে ভালবেসে আমার এই হবে তা কে জান্তো? এ আমার ভাগ্যের দোষ।'

"কখনও তার ভুল হয়েছে, যেন তুমি এসেছ! তখন যে লোক বিছানা হোতে উঠ্তে পারে না—সে শীর্ণ দেহে উঠে তোমায় অভ্যর্থনা কর্তে ব্যস্ত হয়। ললিতাকে বলে, 'তোরা আয় ৭০

না! তোরা ঘিরে দাঁড়া, আবার যদি চ'লে যায়! আয়, সবাই পায়ে পড়ি গিয়ে, এবং বলি আর মান কর্বনা।

"তখন ঝর ঝর কোরে চোখের জল পড়ে, আর বলেন; 'উনি এসেছেন, আজ বড় আনন্দের দিন, বামুন খাইয়ে উৎসব কর্তে হবে, তোরা যা' মধুমঙ্গলকে নিমন্ত্রণ করে আয়।' কখনও জোড় হাতে বলেন—'সখীরা আমায় শ্যাম-সোহাগিনী বলে, তাতে আমার মন গর্বের ভরে ওঠে; আমার গর্বর তুমি বাড়িয়েছ—এখন আমি কোথায় যাই? সকলের ধর্ম্ম আছে, কর্ম্ম আছে, সামী আছে—আমি ভেবে দেখেছি কামু বিনে আমার কেউ নেই, জয়ে জয়ে যেন কামু ছাড়া আমার কেউ না থাকে। আর যা থাকে তার বড় ছুঃখ। আমি আর কিচ্ছু চাই না —জীবন-মরণে জম্ম-জম্ম তুমি আমার থেকো।'

"আরো কত কি বল্তে থাকে—তা আর কি বল্ব! হাঁ কৃষ্ণ, তুমি এমন সোণার রাইকে কেমন কোরে ভুলে আছ? সে যে তোমার বুকের ধন!"

তথান কৃষ্ণের চোথের জল মুক্তার হারের উপর পড়তে লাগ্ল। তিনি বল্লেন—"যে দিন বন্দাবন ছেড়ে আসি, সে দিন তাকে কুঞ্জে যেতে বলে এসেছিলাম, মথুরায় এসে কংসকে না মার্লে সে রাত্রে ফিরে যেয়ে রাধার কুঞ্জে হাজিরী দিতে পার্ব না, এই ভাব্তে আমার গায়ে অস্তরের বল এল। কিন্তু কংসকে মার্লুম, বস্তদেব দৈবকী এসে জড়িয়ে ধল্লেন—আমার বৃন্দাবনে আর ফেরা হোল না। পিতা বল্লেন, 'তোমার জন্মে উৎসব কর্তে পারি নি; চোরের মত কারাগার হ'তে বার হয়ে তোমাকে নিয়ে গিয়েছিলুম—বৃন্দাবনে

তোমার জন্মোৎসব হোয়েছে। আমরা আজ তোমায় ছেড়ে দেব না।'

"কিন্তু আমি দিন গুণ্ছি। এক মুহূর্ত রাইকে ভুলতে পাচ্ছিনি। আমার মা যশোদা পিতা নন্দ ও সথাদের খবর কি? কতদিন হোয়ে গেছে; কত বৎসর ঘুরে গেছে—মপুরায় বসে আমি কেবলই বৃন্দাবনের সপ্ত দেখ্ছি।"

বৃন্দা করজোড়ে বল্লেন—"সে সকল শুন্লে কন্ট পাবে— তুমি কবে যাবে, বল ?"

"কিন্তু দৃতি আবার ব্রজে গেলে—সে দেশ কি তেমনি পাব ? আর কি রাখালেরা আমায় তেমনি আদর-স্নেহের চক্ষে দেখ্বে ? আর কি তোমরা আমার অভিসারের জন্ম তেমনই নূপুর পূলে নীল সাড়ী পরে কুঞ্জে যেয়ে দীপ জালিয়ে বসে থাক্বে ? "দুতি, আমি আর কি ব্রজ তেমনই পাব ? ব্রজের ফুল কি তেমনই করে ফুট্বে ? এই মথুরার রাজবেশ ভুলে আর কি ব্রজ আমায় তেমনই আপনার জন মনে কর্বে ? সে গোচারণের মাঠ কি তেমনই আছে ? দূতি, তুমি কি বল্তে পার, যা যেখানে রেখে এসেছি—তা ঠিক তেমনই আছে ? সে লীলা হোয়ে গেছে—তাতে তোমাদের আশা মেটে নি, আমারও আশা মেটে নি। মা যশোদাকে নিয়ে আমার স্নেহলীলা কুরায় নি, সখীরা আমায় আরও চায়, তা আমি জানি। আর রাইকে ছেড়ে থাকা আমারও

যেমন, তারও তেমন—এ আশা মিটেনি, মিটুতে হবে।

"দূতি, তুমি ফিরে যাও, ব'ল ব্রজের দীপ যেন না নিবে। রাধাকে বোল, আমি তার কুঞ্জে যাব—তোমরা যেয়ে প্রতীক্ষা করে থাক; তোমাদের এ লীলা আর শুধু রাধাকুণ্ড ও শ্যামকুণ্ড ঘিরে হবে না! এ লীলার লুট জগতে বিলুতে হবে! এমন আনন্দ যদি জগং-সংসার না পায়, তবে জগৎ বড় ছুর্ভাগ্য।

"কংসের ধ্বংসের পর থেকে জগৎ জুড়ে প্রতাপ ও ঐনর্য্যের পূজা হোচেছ। বাঁশীর স্থর বধির জগতের কাণে এখন পৌছাবে না; তাই বাঁশী এ যুগে স্থার বাজ্বে না।

"কিন্তু তোমরা বাঁশী শুনেছ, তোমরা সে সূর ভুলবে না; তোমরা ফুংথের মর্ম্ম বুঝেছ, তোমরা আমায় ভুল্বে না। আমি তোমাদের ৭৬

পদাঙ্ক দেখে দেখে এ যুগ কাটিয়ে দেবো। তোমরা আমার বাঁশী শোনবার জন্ম কাণ একাগ্র করে থেকো।

"এর পরের যুগে রাধা আর আমি এক হোয়ে যাব। তাকে ছাড়া আমি থাক্তে পারব না; বনে বনে তাকে ডেকে আমি কাঁদব, সে আমার নাম ধরে কাঁদবে — ছুই এক হয়ে বিরহ জালা যুচ্বে।

"তোমরা বৃন্দাবনে আমার প্রতীক্ষা করে থেকো—বৃন্দাবনের মাহাত্ম্য অমর কর্বার জন্ম আমি যাচ্ছি। বৃন্দাবনের দীপ নিবিয়ো না।

ঐ দাপ জগতের দীপ হবে।

তোমরা সকলে আমাকে পাবে,—তোমাদের মধ্যে আমায় পাবে, কিন্তু তা ব্রজ্ঞধামে কি কোন্ ধামে আমি তা বলুতে পারি না।"

90

ক্রুম্বও বৃন্দার চোথে তার কোমল হাত্ বুলিয়ে দিলেন।

হঠাৎ বৃন্দার মনে হোল, যেন জগৎ জুড়ে খোলের ধ্বনি জেগে উঠেছে। কত শত দীপ জল্চে, কত শত করতাল মৃদঙ্গ বাজ্চে। রাধাক্ষ যেন এক হয়ে চুলে চুলে নাচছেন ও পরস্পরকে আলিঙ্গন করে কাঁদছেন। ফাগের লাল বর্ণে আকাশ রাঙ্গিয়ে উঠ্চে, যেদিকে তিনি মাথা সুলুতে চুলুতে নাম-গান করে কাঁদ্তে কাঁদ্তে যাচ্ছেন, শত শত দীপ এগিয়ে ধরে লোকেরা শ্রীমুখের শোভা দেখ্ছে। সেই ৭৮

অভিসারের ভরে পৃথিবী যেন টল-মল কচ্ছে। ব্রহ্মার বাঞ্ছিত প্রেম যেন স্থরধুনী-নীরের মত তুরারে তুরারে তিনি বিলিয়ে দিচ্ছেন।

বৃন্দা দেখ্লেন, তাঁরা সকলেই যেন সেই-খানে আছেন, কেউ চামর চুলুচ্ছেন! কেউ ব্যঙ্গন কচ্ছেন, কেউ তাঁর পাদপদের ধূলি নিয়ে গায়ে মাখ্ছেন। কংসের মত দস্তারা সেই প্রেমের বত্যায় ভেসে বাচছে। শহ্ম চক্র প্রভৃতি অস্ত্রের দরকার হয় নাই;—চোথের জলই বৈফবাস্ত্র। তাতে তারা পরাস্ত হয়ে গেছে। বেখানে যে নদী, তা যেন যমুনা হয়ে যাচছে। যেখানে যে বন, তা যেন বৃন্দাবন হয়ে যাচছে। বেখানে যে গিরি, তাই যেন গোবর্দ্ধন হয়ে যাচছে। বৃন্দাবনের মাহাত্যা এই ভাবে সর্বত্র প্রচার হয়ে যাচছে।

বৃন্দার চোথ দিয়ে ঝর্ ঝর্ কোরে জল পড়ছে। তিনি কাঁদ্তে কাঁদ্তে পথ দেখ্তে পাননি।

* * * *

রাই গোপীদের সঙ্গে যথন দীপ হাতে এগিয়ে তাঁকে বরণ করে নিতে এসে উৎকৃষ্ঠিত ভাবে জিজ্ঞাসা কল্লেন, 'কামু কই ?' তথন বৃদ্দা বল্লেন, "তোমরা ঘরে ঘরে দীপ জালিয়ে রেখো, তিনি কুঞ্জে আস্ছেন। কিন্তু এসে যেন দীপ নিবানে। দেখে কিরে না যান।"

সমাপ্ত

অধ্যাপক ডাক্তার বেণীমাধব বড়ুয়া এম, এ, ডি লিট (লগুন) মহাশয়ের পত্র Messrs Gupta & Co. Senate house

> CALCUTTA UNIVERSITY March 9, 1920.

Dear Sirs,

With regard to your publication of the new series of Vaishnava tales I have to congratulate you that you could secure these latest writings of Rai Sahib Dinesh chandra Sen. These tales, judging from two of them I was privileged to hear, bristle with interest and deal with a theme that touches the hearts of the Bengali people. The tales seem to me to possess a peculiar charm enlivened by the writer's own religious experiences and devotional feelings. These are most original in conception, novel in method, charming in style and breathe throughout the deepest sentiments of the

Vaishnava poets in their native simplicity and emotional vigour. I had the honour of being present in one of the weekly meetings of the Vivekananda Society when the Rai Sahib read out his second tale, the Ragaranga, and I was delighted to find hundreds amongst the audience sharing with me the joy of listening to it which was a treat. It made a deep impression on them who seemed almost spell-bound when the tale was read.

Yours truly Sd—B. M. Barua কৃষ্ণকীর্ত্তন সম্পাদক বিশ্ববিভাশস্থের বাক্ষালাভাষার এম, এ, ক্লাসের অধ্যাপক শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বৎবল্লভ মহাশয় বলেন—

''মুক্তাচুরি, রাগরঙ্গ, রাথালের রাজগি, শ্রামলী থেঁ।জা
—চারি অমৃল্য রত্ন। সাধ করে উহার একথানি পাইথে
কঠনালার মধ্যমণি করিছা পরি।" ১৫, ৩, ২০

ঐীবসন্ত রায়

গত ১৯২০ সনের ৩১শে জাতুয়ারী কলিকাতা বিবেকানন্দ সোসাইটার সভাপতি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত প্রমণনাথ তর্কভূষণ আমাাদগকে লিখিয়াছেন।

ত্রীহরি শরণম্।

বিগত ৩১শে স্বান্ত্রারী শনিবার বিবেকানন্দ সোসাইটীর একটি বিশেষ অধিবেশনে আষার সভাপতিকে রার সাহেব প্রীযুক্ত দীনেশচন্দ্র সেন মহাশর "রাগরক" নামক একটা আখান পাঠ করিয়াছিলেন। গুপ্ত কোম্পানীর অন্তরোধে সেই আখান বিষয়ে আমি এই অভিমত প্রকাশ কবিতেছি।
আমার বিবেচনার রায় সাহেব প্রীযুক্ত দীনেশচন্দ্র
সোই মহাশয়ের এই প্রকার আখানে ধারা আমাদের
সাহিত্যের একটা নৃতন ধারা প্রদর্শিত হইয়ছে—এই
ধারার বন্ধ-সাহিত্য প্রাচীন নির্মাণ রুসস্টে ধারা এক
নৃতন আনন্দের স্টে করিতে সমর্থ হইবে, ইহাই আমার
বিশাস। এই আখান পাঠ করিলে প্রাচীন বৈক্তব-সাহিত্যের
প্রতি নব্য শিক্ষিত-সমাজের সপ্রোর্ম দৃষ্টি আরুষ্ট হইবে
এবং তাহার ফলে বঙ্গসাহিত্যে বে অল্লাভাবিক বৈদেশিক
ভাব বাহল্য ঘটনাচক্রে আসিয়া পড়িয়াছে, তাহা দেশের
মঙ্গলের জন্ত অনেক পরিমাণে অপসারিত হইবে।
১লা মার্চ্চ, ১৯২০।

(স্বাক্ষর) শ্রীপ্রমথনাথ তর্কভূষণ।



সাস্থ্য কলেজের প্রবীন অধ্যাপক শ্রীযুক্ত গালেজনাথ বিভাত্রণ মহাশর লিখিগাছেন:—

গত ২৯শে যে সায়ংকালে বিবেকানন সোগাইটীর বিশেষ অধিবেশনের সভাপতিরূপে আমি রায়সাহেৰ শ্রীযক্ত দীনেশচক্ত দেন মহাপ্রের ভাষেত্র গোলা নীর্থক বক্তভার রদ আবাদ कतिवात व्यवम्त शाहेशाहिनाय। वान्नाना (नर्भ व्याक्कान, চারিদিকে সাহিত্যের কুঞ্জে, কেবল ফ্লারিওনেটের আওয়াজই শুনিতে পাই, খাটি বাঁণের বাঁণীর সেই স্থর আর তেমনটা শুনিতে পাই না। মনের এই ক্ষোভ বায় সাহেব দীনেশচক ত্তর করিয়াছেন। বঙ্গসাহিত্যে এইরূপ সরল প্রভাতে ক্লঞ-कथात बढात नवीनवरक अहे (वांश रह अथम । मीरनमवावृत ভাব গদগদ কঠের প্রতি কথা সামাজিকদিগের বথাপট "কাণের ভিতর দিয়া মরমে" প্রবেশ করিগাছিল। মৃত্তিতা রাজনব্দিনী শ্রীমতীর মৃচ্ছে ভিলের গেই মহামন্ত্র "ক্রঞ ক্লক" এখনও যেন শুনিতে পাইতেছি। দীনেশবার বন্নসাহিত্যের আজীবন দেবক ৰাঙ্গাগার অন্ততম বসম্ভের পিক: কিন্তু এই বার তিনি বে গান ধরিয়াছেন তাহাতে দেই দব "ফিকে" হইয়া পিয়াছে, তাঁহার এই পরিণত বয়সের ভক্তির উচ্ছাদে वाकानीत थान व्यावात माजिता छेटिरव मत्त्रह नाहे। এ তৃত্তি কোন সভার আর এর পুর্ব্বে পাই নাই।

শ্ৰীরাজেজনাথ বিস্তাভূষণ

[38]

রাধালের রাজ্গি সম্বন্ধে প্রবাসী বলেন :---

ক্ষের মথুবার রাজা ছওরার পর বুলাবনবাদীদের বিরহ-বাাকুণভার ও প্রণয়ের আন্তরিক আকর্ষণে ক্ষের রাজকীর অটপভা কেমন করিয়া বুলাবনের কুজের দিকে টলিচাছিল সেই পুরাতন কাহিনী টকে শেশক ক্ষিত্ব মধুর মুখের চলিত ক্থার সহজ সরল করিয়া প্রকাশ ক্রিয়াছেন; মাধুর্যোর কাছে এর্থব্যের পরাজয় দেখাইয়া হৃদয়র্তির জয় প্রভিনা ক্রিয়াছেন। এই বই শিশু ও বয়য় সকলেই তুলা মনোরম হইয়াছে।

'রাগরক' সম্বন্ধে---

"রাধার নান ও রাগের রক্ষ লইয়া এই কথা রচিত। রচনার ভাষা মাধুষ্য ও ধরণে পুরাতন জিনিষ নৃতনের মোহনতা কার্জন করিয়াছে।"

সুক্তা চরি সহক্ষে-

রিচনার ধরণ কবিত্বময় ও মনোরম।"

আমাদের পৃস্তকালয়ে সকল প্রকার অর্চার অতি শীঘ্র ষল্লের সহিত সরবরাহ করা হইয়া থাকে।



পুস্তক বিক্রেতা ও প্রকাশক ৪৯, রদারোড নর্থ, ভবানীপুর কলিকাতা।